



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/13/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো লেচওয়ার্থ স্টেট পার্কে নতুন বিনোদন কেন্দ্র চালু করার ঘোষণা দিয়েছেন

সংস্কারকৃত ঐতিহাসিক বাথহাউজে আউটডোর গেমস অঞ্চল, হোয়াইটওয়াটার রাফিং কেন্দ্র  
অন্তর্ভুক্ত

**ছবি পাওয়া যাবে [এখানে](#)**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ লেচওয়ার্থ স্টেট পার্ক (Letchworth State Park) -এ 2 মিলিয়ন মার্কিন ডলারের একটি নতুন আউটডোর বিনোদন কেন্দ্র খোলার ঘোষণা দিয়েছেন। 2019 সালের এপ্রিল মাসে নির্মাণ কাজ শুরু হয় এবং তা সম্প্রতি শেষ হয়। লোয়ার ফলস বিনোদন কেন্দ্রটি ফিঙ্গার লেকস অঞ্চলের শীর্ষস্থানীয় পর্যটন স্থানগুলির একটি উপভোগ করার জন্য মজাদার নতুন বিকল্প স্থান।

"লেচওয়ার্থ স্টেট পার্ক নিউ ইয়র্কের অন্যতম একটি ক্রাউন জুয়েলস যা পরিবার এবং সব বয়সের মানুষের জন্য অপ্রতিদ্বন্দ্বী সৌন্দর্য ও আউটডোর বিনোদনের সুযোগ প্রদান করে," **গভর্নর কুওমো বলেন।** "একটি নতুন গেম এলাকা, ফিটনেস লুপ এবং হোয়াইটওয়াটার রাফিং এর ফ্যাসিলিটিসহ এই উন্নয়নগুলো দর্শকদের মজা, একটি দুঃসাহসিক সৌন্দর্য উপভোগ বা শিথিল করার সুযোগ দেবে, এমনকি এই মহামারীকালীন সময়েও।"

নতুন লোয়ার ফলস বিনোদন এলাকাটির সাউথ কমপ্লেক্স এলাকায় একটি অব্যবহৃত সুইমিং পুল অপসারণ এবং একটি ঐতিহাসিক বাথহাউজ সংস্কার কাজ যুক্ত রয়েছে যা হোয়াইটওয়াটার রাফিং কনসেশনারি, অ্যাডভেঞ্চার কল আউটফিটার দ্বারা ব্যবহৃত হয়।

বিনোদনের নতুন অঞ্চলটিতে টেবিল গেমস, ব্যাডমিন্টন এবং পিকল বল কোর্ট, বোকস এবং শ্যাফলবোর্ডের পাশাপাশি একটি ফিটনেস লুপ রয়েছে। প্রকল্পটিতে নিউ ইয়র্ক পার্কস 2020 ক্যাপিটাল ইনিশিয়েটিভ অর্থায়ন করে।

**স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন,** "নতুন লোয়ার ফলস বিনোদন এলাকাটি গভর্নর কুওমোর NY পার্ক 2020 কর্মসূচির অধীনে স্টেটীয় পার্ক ফ্যাসিলিটিগুলির উন্নয়নে অঙ্গীকারের আরেকটি উদাহরণ। পার্কে এটি অবশ্যই একটি প্রাণবন্ত জায়গা হবে যেখানে সব বয়সের মানুষ মজা, হাসি এবং বন্ধুত্বপূর্ণ যোগাযোগ প্রতিষ্ঠার জন্য একত্রিত হতে পারে।"

**সিনেটর প্যাট্রিক গ্যালিভান বলেন,** "দেশের সবচেয়ে সুন্দর কিছু পার্ক নিউ ইয়র্ক স্টেটের জন্য আশীর্বাদ এবং বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য লেচওয়ার্থ সবচেয়ে বেশি জনপ্রিয়। আমরা সৌভাগ্যবান যে এটি আমাদের অঞ্চলে পেয়েছি। নতুন লোয়ার ফলস বিনোদন এলাকায় স্টেটের বিনিয়োগ পার্কের সৌন্দর্য বৃদ্ধি করবে এবং পার্ক ও অঞ্চলটিতে নতুন পর্যটকদের আকৃষ্ট করতে সাহায্য করবে। নতুনভাবে সাজানো চমৎকার এই পার্কটি দেখতে আমি সবাইকে আমন্ত্রণ জানাচ্ছি এবং লেচওয়ার্থ স্টেট পার্ক যে অনুভূতি দিতে পারে তার সবটুকু উপভোগ করতে কিছু সময় ব্যয় করুন।"

লেচওয়ার্থ স্টেট পার্ক পূর্ব মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে নৈসর্গিক শোভামণ্ডিত এলাকাগুলোর একটি। জেনেসি নদী পাহাড়ের মধ্যবর্তী তিনটি প্রধান জলপ্রপাতের উপর দিয়ে বয়ে যায় - কিছু জায়গায় 600 ফুট উঁচু - ঘন বনাঞ্চল দ্বারা পরিবেষ্টিত। পর্বতারোহীরা 66 মাইল পর্বতারোহন যাত্রা করতে পারেন। এছাড়াও এই যাত্রার মধ্যে অশ্বারোহণ, বাইকিং, স্লোমোবিলিং এবং ক্রস-কান্ট্রি স্কিইং অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অফিস 250টিরও বেশি স্বতন্ত্র পার্ক, ঐতিহাসিক স্থান, গলফ কোর্স, নৌকার ঘাট ও বিনোদনমূলক ভ্রমণপথের তত্ত্বাবধান করে, যেগুলো দেখতে 2019 সালে রেকর্ড পরিমাণ 77 মিলিয়ন মানুষ আসে। ইউনিভার্সিটির সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, স্টেট পার্ক ও এর দর্শনার্থী দ্বারা যা ব্যয় হয় তা 5 বিলিয়ন মার্কিন ডলার আউটপুট ও বিক্রয়কে প্রসারিত করে, 54,000 বেসরকারি খাতের কর্মসংস্থান সৃষ্টি এবং অতিরিক্ত স্টেটের মোট দেশীয় পণ্য (GDP) 2.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করতে পারে। এই বিনোদন কেন্দ্রসমূহ সম্পর্কে অতিরিক্ত তথ্য পেতে চাইলে কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন [parks.ny.gov](http://parks.ny.gov) বা সংযুক্ত হন [ফেসবুকে](https://www.facebook.com/parksny), বা ফলো করুন [টুইটারে](https://www.instagram.com/parksny)।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)